গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ**
নির্বাহী প্রকৌশলী'র কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ রিজিয়িন, চাঁপাইনবাবগঞ্জ।

কৃষিই সমৃদ্ধি

ফোন নং -০২৫৮৮৮৯৩৫৬৩
E-Mail: xen_nawabgonj @ bmda.gov.bd
Web: bmda.chapainawabganj.gov.bd

স্মারক নং-বিএমডিএ/নিঃপ্রঃ-নবাব/অপাঃনিঃ (৪র্থ খন্ড)-২০২৪-২৫/ ২৪৬০ তারিখঃ ০৬/১১/২০২৪

**চাঁপাইনবাবগঞ্জ রিজিয়নের আওতায় সেচযন্ত্রের অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন অপারেটর কাম রেকর্ডকিপার নিয়োগ বিজ্ঞপ্তি**

চাঁপাইনবাবগঞ্জ রিজিয়নের আওতায় সেচযন্ত্রসমূহ সুষ্ঠভাবে পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্তে সেচযন্ত্রের স্কিমের উপযুক্ত প্রার্থীদের নিকট সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার পদে নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে আগামী **১৫ নভেম্বর ২০২৪খ্রি.** তারিখের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে।

১. পদটি সম্পূর্ণ অস্থায়ী। পদের নিয়োগ **১০ ডিসেম্বর ২০২৪ খ্রি.** হতে ১৪ নভেম্বর ২০২৫খ্রি. পর্যন্ত কার্যকর হবে।
২. পদের বেতন সেচযন্ত্র চালুর ঘন্টাপ্রতি হারে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রাপ্য ভাতা পরিশোধ করা হবে।
৩. পদের আবেদন ফরম মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট উপজেলার বিএমডিএ জোন অফিস হতে সংগ্রহ করতে হবে। নিয়োগের জন্য মনোনয়ন চুড়ান্ত হওয়ার পর অপারেটর জামানত পুরুষের ক্ষেত্রে ২০,০০০.০০ (বিশ হাজার ) ও মহিলার ক্ষেত্রে ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা ডিডি/পে-অর্ডার আকারে নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর সংশ্লিষ্ট এলাকার বিএমডিএ জোন অফিসে জমা দিতে হবে।
৪. শিক্ষাগত যোগ্যতা: কমপক্ষে এসএসসি/সমমান পাশ এবং বয়স: ন্যুনতম ১৮ (আঠারো) বছর। পদে নিয়োগের জন্য আবেদনকারীকে উক্ত এলাকার স্থানীয় বাসিন্দা হতে হবে। স্কীমভূক্ত নিজস্ব, বর্গা ও বন্ধকী জমির মালিক নিজে বা তার স্ত্রী/সন্তান পদের জন্য আবেদন করতে পারবেন। মহিলা ও আদিবাসী নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে। কোন সরকারি/বেসরকারি চাকুরীজীবী বর্ণিত পদে জন্য নিয়োগের জন্য আবেদন করতে পারবেন না। আবেদনপত্রে কোন সুপারিশ এবং নিয়োগের জন্য কোন তদবির থাকলে, সেই আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গন্য হবে।
৫. নিয়োগের জন্য পূরণকৃত আবেদন ফরমের সাথে আবেদন ফরম ক্রয় রশিদের কপি, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিক সনদপত্রের কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, আবেদনকারীর স্কিমে জমির (নিজস্ব/বর্গা/বন্ধকী) কাগজপত্র, প্রশিক্ষণ (যদি থাকে) সনদপত্র ইত্যাদি সংযুক্ত করে আগামী **১৫ নভেম্বর ২০২৪খ্রি.** তারিখের মধ্যে সংশ্লিষ্ট এলাকার বিএমডিএ, জোন দপ্তরে জমা দিতে হবে।
৬. সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কর্তৃপক্ষের মনোনয়ন কমিটি কর্তৃক মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং মনোনয়ন প্রাপ্ত ব্যক্তিদের সংশ্লিষ্ট রিজিয়নের নির্বাহী প্রকৌশলী কর্তৃপক্ষের নিয়ম অনুযায়ী নিয়োগ প্রদান করবেন।
৭. সেচ মৌসুম চলাকালে সেচযন্ত্র পরিচালনার অনিয়ম সংক্রান্ত অভিযোগ প্রমাণিত হলে বা অফিসের নির্দেশ যথাযথ পালন না করার কারণে বর্ণিত নিয়োগ বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলী এবং সংশ্লিষ্ট রিজিয়নের নির্বাহী প্রকৌশলী সংরক্ষণ করবেন।
৮. সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের বিস্তারিত শর্তাবলী এবং অন্যান্য নিয়মাবলী আবেদনপত্রের সাথে সংযুক্ত থাকবে এবং প্রত্যেক জোন ও রিজিয়ন অফিসের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ডে প্রকাশ থাকবে।

৩.১১.২০২৪

(প্রকৌঃ মোঃ আল মামুনুর রশীদ)
নির্বাহী প্রকৌশলী
বিএমডিএ, চাঁপাইনবাবগঞ্জ রিজিয়ন,
চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং-বিএমডিএ/নিঃপ্রঃ-নবাব/অপাঃনিঃ (৪র্থ খন্ড)-২০২৪-২৫/ ২৪৬০ তারিখঃ ০৬/১১/২০২৪

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা/এসডব্লিউআইপি/সেচ শাখা, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, --------শাখা, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী। /ঠাকুরগাঁও সার্কেল/রংপুর সার্কেল।
৩। নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, ---------------------------রিজিয়ন, -------------
৪। মনিটরিং অফিসার, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী। বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৫। উপ-পরিচালক, সেবা, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬। সহকারী প্রকৌশলী, বিএমডিএ, -----------------------জোন, ---------------------------। বিজ্ঞপ্তিটি আপনার জোনের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ।
৭। অফিস কপি/প্রধান নথি/ নোটিশ বোর্ড।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী/রংপুর।
২। জেলা প্রশাসক, ---------------------।
৩। পুলিশ সুপার, ----------------------।
৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ---------------------------।
৫। জেনারেল ম্যানেজার, ----------------পল্লী বিদ্যুৎ সমিতি, ---------------------------------------।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, -----------------------উপজেলা, ---------------------------------।
৭। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সেচ কমিটি, -----------------উপজেলা, ----------------------------।
৮। উপজেলা কৃষি অফিসার, ডিএই, -----------------------উপজেলা, --------------------------------।
৯। --------------------------কর্মকর্তা, ----------------, --------------- --------উপজেলা, ----------------।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। চেয়ারম্যান, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। নির্বাহী পরিচালক, বিএমডিএ, প্রধান কার্যালয়, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ**
নির্বাহী প্রকৌশলী'র কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ রিজিয়িন, চাঁপাইনবাবগঞ্জ।

কৃষিই সমৃদ্ধি

ফোন নং -০২৫৮৮৮৯৩৫৬৩
E-Mail: xen_nawabgonj @ bmda.gov.bd
Web: bmda.chapainawabganj.gov.bd

**চাঁপাইনবাবগঞ্জ রিজিয়নের আওতায় সেচযন্ত্রের অস্থায়ী ভিত্তিতে খন্ডকালীন অপারেটর কাম রেকর্ডকিপার নিয়োগ সংক্রান্ত প্রচারপত্র**

চাঁপাইনবাবগঞ্জ রিজিয়নের আওতায় সেচযন্ত্রেসমূহ সুষ্ঠভাবে পরিচালনার জন্য **নিম্নবর্ণিত শর্তে** সেচযন্ত্রের স্কিমের উপযুক্ত প্রার্থীদের নিকট সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে **খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার পদে** নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে আগামী **১৫ নভেম্বর ২০২৪খ্রি.** তারিখের মধ্যে আবেদন গ্রহণ করা হবে।

১. সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারের নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার (গভীর নলকূপ/এলএলপি) এর নিয়োগ **১০ ডিসেম্বর ২০২৪খ্রি. হতে ১৪ নভেম্বর ২০২৫খ্রি. পর্যন্ত** জন্য কার্যকর হবে। পরবর্তীতে নিয়োগ হলেও তা ১৪ নভেম্বর পর্যন্ত অর্থ্যাৎ ০১ (এক) বছরের কম সময়ের জন্য কার্যকর হবে।
২. প্রত্যেক খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারকে সেচযন্ত্র পরিচালনার জন্য সেচযন্ত্র চালুর ঘন্টাপ্রতি হারে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রাপ্য ভাতা পরিশোধ করা হবে।
৩. খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের জন্য **১০০০.০০ (এক হাজার) টাকার (অফেরতযোগ্য)** আবেদন ফরম সংশ্লিষ্ট এলাকার বিএমডিএ জোন অফিস হতে ক্রয় করতে হবে। নিয়োগের জন্য মনোনয়ন চুড়ান্ত হওয়ার পর অপারেটর জামানত পুরুষের ক্ষেত্রে **২০,০০০.০০ (বিশ হাজার ) ও মহিলার ক্ষেত্রে ১৫,০০০.০০ (পনের হাজার)** টাকা নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বরাবর ডিডি/পে-অর্ডারে আকারে সংশ্লিষ্ট এলাকার বিএমডিএ জোন অফিসে জমা দিতে হবে যা তার নিয়োগের মেয়াদান্তে আবেদনের মাধ্যমে ফেরতযোগ্য।
৪. সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার হিসেবে মনোনয়ন পাওয়ার জন্য শিক্ষাগত যোগ্যতা হবে কমপক্ষে এসএসসি/সমমান পাশ এবং বয়স **ন্যুনতম ১৮ (আঠারো ) বছর**।
৫. কোন সরকারী/বেসরকারী চাকুরীজীবী সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের জন্য আবেদন করতে পারবেন না। তথ্য গোপন করে খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার পদে নিয়োগ পেলেও পরবর্তীতে চাকুরীজীবীর তথ্য প্রমাণিত হলে অপারেটর নিয়োগ জামানতসহ বাতিল হবে। অপারেটর নিয়োগের পরে অন্য যে কোন চাকুরীতে গেলে তার অপারেটর নিয়োগ বাতিল বলে গন্য হবে।
৬. সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের আবেদনপত্রে কোন সুপারিশ এবং নিয়োগের জন্য কোন তদবির থাকলে, সেই আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গন্য হবে।
৭. নিয়োগের জন্য আবেদনকারীকে উক্ত এলাকার **স্থানীয় বাসিন্দা** হতে হবে এবং **স্কীমভূক্ত নিজস্ব, বর্গা ও বন্ধকী** জমির মালিক নিজে বা তার স্ত্রী/সন্তান বিএমডিএ সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার হতে পারবে। স্কিমের উপকারভোগী কৃষকদের মধ্য থেকে **মহিলা এবং আদিবাসী** খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার হিসেবে মনোনয়নের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।
৮. সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারকে **নিজে সেচযন্ত্র পরিচালনা** করতে হবে। অন্যকে দিয়ে পরিচালনা করতে পারবেন না।
৯. কোন **প্রাইভেট সেচযন্ত্রের মালিক** কর্তৃপক্ষের সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার **হতে পারবেন না।**
১০. সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের জন্য আবেদন ফরম পূরণ করে আবেদন ফরমের সাথে আবেদন ফরম ক্রয়ের রশিদ, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, আবেদনকারীর স্কিমে জমির (নিজস্ব/বর্গা/বন্ধকী) কাগজপত্র, প্রশিক্ষণ সনদপত্র (যদি থাকে) ইত্যাদি সংযুক্ত করে আগামী **১৫ নভেম্বর ২০২৪খ্রি.** তারিখের মধ্যে সংশ্লিষ্ট এলাকার বিএমডিএ, জোন দপ্তরে জমা দিতে হবে।
১১. কর্তৃপক্ষের মনোনয়ন কমিটি কর্তৃক খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের নিমিত্তে কাগজপত্র যাচাই পূর্বক **মৌখিক পরীক্ষা গ্রহণ করে** প্রতিটি সেচযন্ত্রের জন্য ০১ (এক) জন করে খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের সুপারিশ করবেন এবং সংশ্লিষ্ট রিজিয়নের নির্বাহী প্রকৌশলী কর্তৃপক্ষের নিয়ম অনুযায়ী নিয়োগ প্রদান করবেন।
১২. সেচ মৌসুম চলাকালে সেচযন্ত্র পরিচালনার অনিয়ম সংক্রান্ত অভিযোগ প্রমাণিত হলে বা অফিসের নির্দেশ যথাযথ পালন না করার কারণে সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারের নিয়োগ বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলী এবং সংশ্লিষ্ট রিজিয়নের নির্বাহী প্রকৌশলী সংরক্ষণ করবেন।
১৩. মনোনীত সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারকে অবশ্যই বিএমডিএ কর্তৃপক্ষের সেচ নীতিমালা অনুযায়ী সেচযন্ত্র পরিচালনা করতে হবে। অর্থাৎ প্রত্যেক কৃষক কর্তৃক প্রদত্ত প্রি-প্রেইড কার্ড দ্বারা কৃষকের জমিতে সেচ প্রদানের ব্যবস্থা সেচযন্ত্রের খন্ডকালীন

অপারেটর কাম রেকর্ড কিপারকে করতে হবে। অপারেটর কোন অবস্থাতেই নগদ টাকা/অপারেটরের নিজস্ব কার্ড/বিঘা প্রতি চুক্তি/ বিঘা প্রতি ধান চুক্তিতে সেচ প্রদান করতে পারবেন না। **নগদ টাকা/অপারেটরের নিজস্ব কার্ড দ্বারা সেচ প্রদান/চুক্তিভিত্তিক সেচ প্রদান করলে** বা কোন অসাদুপায় অবলম্বরন করলে বা সেচকাজে বিঘ্ন সৃষ্টি করলে **তার জামানত বাজেয়াপ্তসহ অপারেটর নিয়োগ বাতিল** করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. কোন প্রকার **অবহেলার কারণে কর্তৃপক্ষের সেচযন্ত্রের কোন ক্ষয়ক্ষতি** সাধিত হলে, উক্ত ক্ষতিপূরণে খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার দিতে বাধ্য থাকবেন। অন্যথায়, প্রয়োজনে প্রশাসনিক ও প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়োগ গ্রহণকারী (খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার) এর অবর্তমানে/মৃত্যুতে তার ওয়ারিশগণ উক্ত ক্ষতিপূরণে বাধ্য থাকবেন।

১৫. খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারকে সেচযন্ত্র চালুকালীন সময়ে সার্বক্ষণিক পাম্পঘরে অবস্থান করতে হবে এবং সেচযন্ত্র হতে কৃষকদের সেচ সরবরাহ সংক্রান্ত তথ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত লগ **বহিতে (Log Book) নিয়মিতভাবে** লিখতে হবে।

১৬. কর্তৃপক্ষ যেকোন সময় খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭ কর্তৃপক্ষ খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার নিয়োগের জন্য তার নিজস্ব নীতি অনুসরণ করবে, এতে কোন আবেদনকারীর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৮ বিদ্যুতায়িত ও সোলার সেচযন্ত্রের ক্ষেত্রে **বিদ্যুৎ ব্যবহারে কারচুপি বা কোন প্রকার অনিয়ম প্রমাণিত** হলে অত্র কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট বিদ্যুৎ সরবরাহকারী সংস্থা উভয়েই **প্রচলিত নিয়ম/আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ** করতে পারবেন।

১৯. কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত সেচযন্ত্র স্কিমের মধ্যে কোন ব্যক্তিগত সেচযন্ত্র স্থাপন করা বা স্থাপনে খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার কর্তৃক কোন সহযোগিতা করা যাবে না। কর্তৃপক্ষের স্কিমের মধ্যে কোন ব্যক্তিগত সেচযন্ত্র স্থাপনের লাইসেন্স উপজেলা সেচ কমিটি হতে অনুমোদিত হলে তা অবশ্যই লিখিতভাবে বিএমডিএ এর সংশ্লিষ্ট জোনের সহকারী প্রকৌশলী এবং রিজিয়নের নির্বাহী প্রকৌশলীকে জানাতে হবে। বর্ণিত অভিযোগ প্রতিষ্ঠিত হলে তার খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারের পদ জামানতসহ বাতিল বলে গণ্য হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০. খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার পদে নিয়োগের **৩০ (ত্রিশ) দিনের মধ্যে** স্কিমভূক্ত কৃষকের নাম, জাতীয় পরিচয়পত্র নং, পিতার নাম, মাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর, জমির পরিমাণ রেজিষ্টারে লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে এবং ০১ (এক) কপি স্থানীয় বিএমডিএ, অফিসে জমা দিতে হবে।

২১. সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার সেচযন্ত্রের কমান্ড এরিয়া (সর্বোচ্চ সেচ প্রদান সম্ভব এমন সেচ এলাকা) এর মধ্যে নিজস্ব জমি ব্যতিত তার **ব্যক্তিগত ট্রাক্টর/পাওয়ার টিলার/কৃষি যন্ত্রপাতি** ব্যবহারে অন্যকে বাধ্য করতে পারবে না। কোন স্কীমে কোন কোম্পানী অথবা কন্টাক গ্রোয়ারস কোন ফসল যেমন, আলু, টমেটো আবাদের জন্য চুক্তি করলে চাইলে সংশ্লিষ্ট কৃষক সরাসরি চুক্তি করবে। কোন খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার সেচযন্ত্রের দায়িত্বে থেকে **মধ্যসত্ত্বভোগী হিসেবে নিজস্ব জমি ব্যতিত** অন্যের জমিতে উক্ত চুক্তি করতে পারবেন না। বর্ণিত অভিযোগ প্রতিষ্ঠিত হলে তার খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারের পদ বাতিল বলে গণ্য হবে।

২২. হার্ড/ঠাঁঠাঁ বরেন্দ্র এলাকা (গোদাগাড়ী, তানোর, চাঁপাই নবাবগঞ্জ (আংশিক), নাচোল, গোমস্তাপুর, নিয়ামতপুর, সাপাহার, পোরশা, পত্নীতলা (আংশিক), মহাদেবপুর (আংশিক), ধামরইহাট (আংশিক) যেখানে পানির তীব্র সংকট রয়েছে সে সকল এলাকার সেচযন্ত্রের খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপার হতে হলে বোরো ধানের পরিবর্তে রবি শস্য যেমন, গম, সরিষা, ডাল ইত্যাদি আবাদ করতে উৎসাহিত করবেন। তবে বোরো ধান আবাদ করলে **১৫ ই ফেব্রুয়ারী হতে ১৫ই মে পর্যন্ত সেচযন্ত্র ৯৮০ ঘন্টার বেশি চালাতে পাববে না।**

২৩. কর্তৃপক্ষের বিধি মোতাবেক **৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে** খন্ডকালীন অপারেটর কাম রেকর্ড কিপারকে সেচযন্ত্র পরিচালনা সংক্রান্ত অঙ্গীকারনামা প্রদান করে সেচযন্ত্রের দায়িত্ব গ্রহণ করতে হবে।

প্রচারে

০৩.১১.২০২৪

(প্রকৌঃ মোঃ আল মামুনুর রশীদ)
নির্বাহী প্রকৌশলী
বিএমডিএ, চাঁপাইনবাবগঞ্জ রিজিয়ন
চাঁপাইনবাবগঞ্জ।
ফোন নং -০২৫৮৮৮৯৩৫৬৩